



ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল: ১৪-২১)

৮ রাজউক এডিনিউ, মতিঝিল, ঢাকা।

www.icb.gov.bd

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

স্মারক নং-৫৩.১৩.০০০০.০০৯.১৭.০০২.১৯.২১৭৭

তারিখ: ২৪.১০.২০১৯

নিয়োগ বিজ্ঞপ্তি

ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি)-এর আইনগত পরামর্শ ও মামলা পরিচালনার নিমিত্ত তালিকাভুক্ত আইনজীবী নিয়োগের লক্ষ্যে বাংলাদেশি নাগরিকদের নিকট হতে নিম্নলিখিত শর্তাবলী সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্রম.	পদের নাম	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	তালিকাভুক্ত আইনজীবী	ক) যে কোন বিষয়ে স্নাতকসহ আইন বিষয়ে ডিগ্রীধারী হতে হবে; খ) ০৫ বছর হাইকোর্ট ডিভিশনে কাজের অভিজ্ঞতাসহ আইন পেশায় কমপক্ষে ০৭ বছরের অভিজ্ঞতা থাকতে হবে; গ) দেওয়ানী এবং ফৌজদারী আইনের সকল শাখায় বিশেষ করে ক্যাপিটাল মার্কেট সংশ্লিষ্ট আইনসমূহ, অর্থক্ষণ আদালত আইন, দেউলিয়া বিষয়ক আইন, ব্যাংকিং আইন, চুক্তি আইন, বিমা আইন, টর্ট আইন, ট্রাস্ট আইন, ইজমেন্ট আইন, আয়কর আইন, এন্টি মানিলভারিং আইন, সম্পত্তি হস্তান্তর আইন, আন্তর্জাতিক আইন, হস্তান্তরযোগ্য দলিল আইন, প্রশাসনিক ট্রাইব্যুনাল সংক্রান্ত আইন, ফ্যামিলি ল', সার্টিফিকেট মামলা, তামাদি আইন, সাক্ষ্য আইন, সুনির্দিষ্ট প্রতিকার আইন, শ্রম আইন, কোম্পানি আইন, উচ্চ আদালতে রীট, আপীল, রিভিউ, রিভিশন, লিড টু আপীল ও বাংলাদেশের সংবিধানসহ দেশের প্রচলিত অন্যান্য আইন বিষয়ে দক্ষতা/অভিজ্ঞতা থাকতে হবে; ঘ) বাংলাদেশ বার কাউন্সিল হতে সনদসহ সংশ্লিষ্ট জেলা বার এর সনদপত্র থাকতে হবে।

শর্তসমূহ:

০১)	ক) তালিকাভুক্ত আইনজীবী হিসেবে কর্পোরেশনের বিভিন্ন শাখা কার্যালয় ও প্রধান কার্যালয়ের বিভিন্ন ডিপার্টমেন্ট হতে প্রেরিত আইন সংক্রান্ত দলিল পত্রাদির খসড়া প্রণয়ন ও মামলার আরজি, ভেটিং ও আইনগত মতামত প্রদান ও অর্থক্ষণ আদালতসহ বিভিন্ন আদালতে বিচার্যমী মামলা পরিচালিত করতে হবে; খ) আইনগত কার্যক্রমের জন্য তালিকাভুক্ত আইনজীবীগণ মামলাওয়ারী নির্ধারিত ফি ব্যতীত অন্য কোন বেতন, ভাতা বা সম্মানী পাবেন না; গ) তালিকাভুক্ত আইনজীবী থাকাকালীন মামলা সংক্রান্ত বিষয়ে কর্পোরেশনের প্রতিপক্ষকে মতামত প্রদান কিংবা কর্পোরেশনের বিরুদ্ধে কোন আদালতে মামলা পরিচালনা করতে পারবেন না; ঘ) প্রাথমিকভাবে ০২ (দুই) বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ প্রদান করা হবে। তবে সন্তোষজনক কর্ম সম্পাদন সাপেক্ষে মেয়াদ শেষে চুক্তি নবায়ন করার সুযোগ থাকবে; ঙ) উভয় পক্ষের যে কোন এক পক্ষ ০১ (এক) মাসের নোটিশ প্রদান সাপেক্ষে নিয়োগ বাতিল/অব্যাহতি প্রদান করতে পারবে; এবং চ) যে কোন আদালতে বা বার কাউন্সিল হতে দন্ড প্রাপ্ত ব্যক্তি আবেদনের অযোগ্য বিবেচিত হবেন।
০২)	আগ্রহী প্রার্থীগণকে পূর্ণ জীবন বৃত্তান্তসহ আবেদনপত্রের সাথে ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি, নাগরিকত্ব সনদ ও জাতীয় পরিচয়পত্রের কপি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, বার কাউন্সিলের সনদপত্র এবং অভিজ্ঞতার বিষয়ে সংশ্লিষ্ট জেলা বার এর সনদপত্রের সত্যায়িত কপিসহ বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে ২০ দিনের মধ্যে উপ-মহাব্যবস্থাপক, অ্যাডমিনিস্ট্রেশন ডিভিশন, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ, প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল#১৪), ৮, রাজউক এডিনিউ, ঢাকা-১০০০ বরাবর দরখাস্ত দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

(মো: তালিব হোসেন)

উপ-মহাব্যবস্থাপক

অ্যাডমিনিস্ট্রেশন ডিভিশন

ফোন : ৯৫৮১৬৫৩

ই-মেইল: dgm_admin@icb.gov.bd

Talib Hossain
24.10.19